বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
ফোনঃ ০২-২২৩৩৮৪৪৮৬
ইমেইলঃ dgmrmd@krishibank.org.bd

**নং-প্রকা/আরএমডি-৪৪/২০২২-২০২৩/৬৮৭(১২৫০)** **তারিখ ঃ ০১-০৩-২০২৩**

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
০২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
০৩। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়
০৪। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
০৬। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **বাংলাদেশ কৃষি ব্যাংকের ০১(এক) কোটি ও তদুর্ধ্ব অঙ্কের ঋণ মঞ্জুরি/ নবায়নযোগ্য ঋণের জামানতি সম্পত্তির মূল্যায়নের জন্য ১৯(উনিশ)টি সার্ভে কোম্পানিকে চূড়ান্ত তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংকের ০১(এক) কোটি ও তদুর্ধ্ব অঙ্কের ঋণ মঞ্জুরি/ নবায়নযোগ্য ঋণ ও অগ্রীমের বিপরীতে ঋণ গ্রহীতা/ ঋণ গ্রহীতার সাথে সংশ্লিষ্ট তৃতীয় পক্ষ কর্তৃক বন্ধকীকৃত/ বন্ধকীতব্য জামানত/ সহায়ক জামানত (ভূমি ও তদস্থিত দালান কোঠা) ও মেশিনারিজের সংখ্যা, পরিমান, মালিকানা, অবচয় ও দখলী স্বত্বের সঠিকতা নির্ণয় এবং মূল্যায়নের জন্য ২২(বাইশ)টি সার্ভে কোম্পানিকে তালিকাভুক্তির জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রাথমিকভাবে অনুমোদন প্রদান করেন। প্রাথমিকভাবে অনুমোদনপ্রাপ্ত ২২(বাইশ)টি সার্ভে কোম্পানি'র মধ্যে তালিকায় সন্নিবেশিত ১৯(উনিশ)টি সার্ভে কোম্পানিকে চূড়ান্তভাবে অনুমোদন প্রদান করা হয়, যাদের তালিকাভুক্তির মেয়াদ ০১-০৩-২০২৩ খ্রিঃ হতে ২৮-০২-২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অর্থাৎ ০২(দুই) বছর, তবে চুক্তি সম্পাদনকারী সার্ভে কোম্পানি পরবর্তী চুক্তি সম্পাদন না হওয়া পর্যন্ত একই শর্তে সার্ভে কাজ সম্পাদন করবেন। চূড়ান্ত অনুমোদনপ্রাপ্ত ১৯(উনিশ)টি সার্ভে কোম্পানির নাম ও মোবাইল নম্বর নিম্নে উল্লেখ করা হলো ঃ

| ক্রমিক নং | সার্ভে কোম্পানির নাম | ব্যবস্থাপনা পরিচালক/ স্বত্বাধিকারীর নাম | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | ডব্লিউআইইএস(WIES) কনসালটিং (প্রাঃ ) লিঃ, ঢাকা | জনাব ইঞ্জিঃ মোঃ ইব্রাহিম খলিল | ০১৩০৯-০০৮২৫৬ |
| ০২। | রীয়্যাল ইন্সপেকশন এন্ড কনসালটিং লিঃ, ঢাকা | জনাব মোঃ রাকিবুল ইসলাম | ০১৭১৭-২০২৫২৪ |
| ০৩। | আই আই এস কনসালটিং (বিডি) লিঃ, ঢাকা | জনাব মোঃ ওয়াহিদুর রহমান | ০১৯১১-০২২৯৯২ |
| ০৪। | ন্যাশনাল সার্ভে বাংলাদেশ লিঃ, ঢাকা | জনাব মোঃ মাজেদুল ইসলাম | ০১৭১২-৮০২০৩০ |
| ০৫। | নান্দনিক বাংলাদেশ, ঢাকা | জনাব ইঞ্জিঃ মোঃ আনোয়ার হোসেন | ০১৭১১-২২৭৪৬৫ |
| ০৬। | সাউথ বাংলা সার্ভেয়াস, খুলনা | জনাব মোঃ আরিফুল ইসলাম | ০১৭১১-৭৩২৭২৪ |
| ০৭। | হাই-কেয়ার ইন্সপেকশন কোম্পানী, ঢাকা | জনাব মোঃ হুমায়ুন কবির | ০১৭১১-৫৪২০০৮ |
| ০৮। | মধুমতি সার্ভেয়ার্স, ঢাকা | জনাব মিনারা বেগম | ০১৭১১-৩৭৩৫৬১ |
| ০৯। | ঢাকা ইন্সপেকশন সার্ভে লিঃ, ঢাকা | জনাব এস এম রাজু আহমেদ | ০১৭১২-০৮৮৮৯৯ |
| ১০। | দি রেডিয়েন্ট সার্ভেয়ার্স, ঢাকা | জনাব সোহেল আহমেদ | ০১৭১৩-০০৫১৪২ |
| ১১। | একটিভ ইন্সপেকশন সার্ভিস লিঃ, ঢাকা | জনাব নাজিমুল ইসলাম | ০১৮১৯-১৫৬৪০৮ |
| ১২। | এম এস কে ইন্সপেকশন কোম্পানী লিঃ, ঢাকা | জনাব মফিজুর রহমান চৌধুরী | ০১৭১৩-০১৮৭৮৫ |
| ১৩। | পপুলার রিয়েল সার্ভে ইঞ্জিনিয়ার্স, ঢাকা | জনাব মোঃ আশিকুর রহমান | ০১৯১৯-৬০৬০৭১ |
| ১৪। | পারফেক্ট ইন্সপেকশন সার্ভিস (বিডি), খুলনা | জনাব মোঃ জামিল হায়দার | ০১৯১২-৪৫৮২০০ |
| ১৫। | ময়নামতি সার্ভে এ্যান্ড টেকনোলজি, চট্রগ্রাম | জনাব মোঃ আলমগীর হোছাইন | ০১৮১৪-৪৭৯৪৫৯ |
| ১৬। | এম. কে. বি সার্ভে এ্যান্ড পরিদর্শক কোং, ঢাকা | জনাব মানষ কুমার বৈরাগী | ০১৯১১-৯৭৫৫১২ |
| ১৭। | রাহাদ ইন্সপেকশন কোম্পানী, ঢাকা | জনাব খন্দকার আমিনুল হক | ০১৯১১-৩৫২৭৩৯ |
| ১৮। | কিউবিট সার্ভে এন্ড ইঞ্জিনিয়ারিং লিঃ, ঢাকা | জনাব মোঃ হাবিবুর রহমান | ০১৮৯৩-৮৪৯১০৬ |
| ১৯। | ল্যান্ড সার্ভে এ্যান্ড সল্যুশন লিঃ, ঢাকা | জনাব মোঃ জবিউল্লাহ | ০১৯১১-৩১৯৪১২ |

চলমান পাতা-২

০২। সার্কুলার জারীর পর থেকে শাখাসমূহকে প্রস্তাবিত ০১(এক) কোটি ও তদুর্ধ্ব অঙ্কের ঋণ ও অগ্রীমের বিপরীতে গ্রহণযোগ্য জামানত/ সহায়ক জামানত (ভূমি ও তদস্থিত দালান কোঠা) ও মেশিনারিজের মূল্যায়নের ক্ষেত্রে ১৯(উনিশ)টি সার্ভে কোম্পানির মধ্য থেকে যে কোন একটির মাধ্যমে মূল্যায়ন কার্যক্রম সম্পাদন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, সহায়ক জামানত (ভূমি ও তদস্থিত দালান কোঠা) ও মেশিনারিজের মূল্যায়নের ক্ষেত্রে সার্ভে কোম্পানি কর্তৃক নিরূপিত/ স্থিরকৃত মূল্য শাখার সিদ্ধান্ত গ্রহণের সহায়ক হিসেবে কাজ করবে। তবে শাখার মূল্যায়নই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৩। ঋণ গ্রহীতা সরাসরি সার্ভে কোম্পানিকে ফিস প্রদান করতে পারবে না। কোন অবস্থাতেই সার্ভে কোম্পানি সরাসরি ঋণ গ্রহীতা/ আবেদনকারীর নিকট হতে ফিস, খরচ, ভাতা বা অন্য কোন আপ্যায়ন গ্রহণ করতে পারবে না। যদি কোন সার্ভে কোম্পানি বা তার প্রতিনিধি ঋণ গ্রহীতার নিকট হতে ফিস, খরচ, ভাতা বা অন্য কোন আপ্যায়ন গ্রহণ করে তবে সেই সার্ভে কোম্পানি'র তালিকাভুক্তি বাতিল করা হবে।

০৪। ব্যাংকের প্রস্তাবিত স্থাবর সম্পদ মূল্যায়নপূর্বক সার্ভে কোম্পানি কর্তৃক দাখিলতব্য রিপোর্টের সাথে সাইট প্ল্যান, মৌজা ম্যাপ, চেইন অব ডকুমেন্টস ইত্যাদি সংগ্রহ করে সম্পদের ছবিসহ (বিভিন্ন দিক থেকে গৃহীতব্য) দুই প্রস্থ চিহ্নিতকরণ সনদ শাখায় দাখিল করতে হবে।

০৫। মূল্যায়ন সনদ ও আনুষাঙ্গিক অন্যান্য সকল কাগজপত্রাদি সার্ভে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক/ স্বত্বাধিকারী কর্তৃক অবশ্যই প্রতিস্বাক্ষরিত হতে হবে। অতি মূল্যায়ন বা কোন ভুল তথ্য পরিবেশন করা হয়নি মর্মে মূল্যায়নকারী সার্ভে কোম্পানি ঘোষণাপত্র প্রদান করবে, যা কোম্পানি প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০৬। ব্যাংক কর্তৃক সার্ভে কোম্পানিকে কোন সম্পত্তি মূল্যায়নের জন্য দায়িত্ব প্রদানের ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে পরিদর্শন করে মূল্যায়ন রিপোর্ট দাখিল করতে হবে।

০৭। **সার্ভে কাজের জন্য সার্ভে কোম্পানিকে নিম্নোক্ত হারে ফিস প্রদেয় হবে, যা ঋণ গ্রহিতা প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় ঃ**

(ক) সম্পত্তির মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা পর্যন্ত ৩০০০/- টাকা।

(খ) সম্পত্তির মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকার উর্ধ্বে ৩০০০/- টাকা + অতিরিক্ত নিরূপিত মূল্যের ০.০৩%, তবে ১৫,০০০/- (পনেরো হাজার) টাকার উর্ধ্বে নয়।

(গ) দূরবর্তী (Out Station) অবস্থান ভাতা ঃ

(১) ঢাকা, চট্রগ্রাম, খুলনা, কুমিল্লা, ময়মনসিংহ, বরিশাল ও সিলেট..........................................শূণ্য।

(২) বিভাগীয় শহরের ৪০ কিলোমিটার এর বাইরে অন্যান্য স্থানের জন্য সুলভ শ্রেণীর ভাড়া (Economy Fare) এবং রাত্রি যাপনের জন্য ১০০০/- টাকা ভাতা প্রাপ্য হবেন।

০৮। সরকারী ভ্যাট/ ট্যাক্স (যদি থাকে) সার্ভে কোম্পানি কর্তৃক বহন করতে হবে এবং ব্যাংক এ বাবদ প্রয়োজনীয় অর্থ সার্ভে কোম্পানি কর্তৃক দাখিলকৃত ফি হতে কর্তন করবে। ঋণ আবেদন ফি'র সাথে সার্ভে মূল্যায়ন ফি গ্রহণ করতঃ তা বিবিধ প্রদেয় খাত (৪১/১০) এ রাখতে হবে এবং সার্ভে কাজ শেষ হওয়ার পর কর্তনবাদে অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট সার্ভে কোম্পানি'র ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করতে হবে। ব্যাংক হিসাবটি অবশ্যই বাংলাদেশ কৃষি ব্যাংকের সাথে পরিচালিত হতে হবে।

০৯। মূল্যায়ন কাজের জন্য ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক SURVEYOR(S)/ VALUER(S) ENLISTMENT POLICY GUIDELINE এর নির্দেশনা পরিপালন করতে হবে, যা ব্যাংকের ওয়েবসাইটে দেয়া আছে।

চলমান পাতা-৩

১০। উল্লেখ্য, এতদসংক্রান্ত কোন অতিরিক্ত তথ্য বা কোন ধরণের জটিলতা/ অস্পষ্টতা পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের সহকারী মহাব্যবস্থাপক জনাব মোঃ শহিদুল ইসলাম (মোবাইল নম্বর- ০১৭৩৬৭৪০৬৫৫) ও মুখ্য কর্মকর্তা জনাব সানজিদা তাওরিন (মোবাইল নম্বর- ০১৭৩৯৮৫২৪৩৬) এর সাথে যোগাযোগের পরামর্শ দেয়া হলো। একই সাথে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের ৩০-০৬-২০২০ তারিখের বিকেবি/প্রকা/আরএমডি-৪৪/২০১৯-২০২০/২৯২৯(১২৫০) নং পত্রটির সকল নির্দেশনা বাতিল করা হলো।

১১। এ আদেশ ০১-০৩-২০২৩ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

**অনুমোদনক্রমে**

01.03.2023

(আঃ সঃ মঃ বাবর)
উপমহাব্যবস্থাপক

**নং-প্রকা/আরএমডি-৪৪/২০২২-২০২৩/৬৮৭(১২৫০)** **তারিখ ঃ ০১-০৩-২০২৩**

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা/ অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/ বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপমহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ কে অনুরোধ করা হলো।
০৬। অফিস নথি।

০১/০৩/২০২৩

(মোঃ শহিদুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক